# G. A. MURTAZA TALENT SEARCH EXAM - 2025

**F.M. – 100** **Class – VII** **Time : 2 Hours**

Name : .................................................................................................................. Reg. No. : ...............................

---

**প্রতিটি প্রশ্নের জন্য চারটি করে বিকল্প উত্তর আছে।**
**যেটি সঠিক উত্তর তার প্রথমে থাকা বৃত্তটি কালো বল পেন দ্বারা পুরোপুরি ভরাট করবে।**

## ❑ MATHEMATICS

1. $\left(\frac{1}{2}-\frac{1}{3}\right)$ ভগ্নাংশটি $\left(\frac{1}{2}+\frac{1}{3}\right)$ -এর মধ্যে আছে —

◯ 3 বার ◯ 5 বার ◯ 7 বার ◯ 9 বার

2. যদি কোনো অনুপাতের পূর্বপদ উত্তরপদের তুলনায় কম হয়, তখন তাকে বলা হয় —

◯ লঘু অনুপাত ◯ গুরু অনুপাত ◯ সাম্যানুপাত ◯ মিশ্র অনুপাত

3. $\left(\frac{a^7}{a^5}\right) \times a^2$ - এর মান হবে —

◯ $a^2$ ◯ $a^3$ ◯ $a^4$ ◯ $a^6$

4. $(5 + 9x)$ এবং $(6 - 7x + 4x^2)$ এর যোগফল থেকে $(x^2 - 9x)$ এবং $(- 2x^2 + 3x + 5)$-এর যোগফল বিয়োগ করলে পাব —

◯ $6 + 4x + 5x^2$ ◯ $6 + 6x + 5x^2$ ◯ $6 + 2x + 5x^2$ ◯ $6 + 8x + 5x^2$

5. $\sqrt{15}$ - এর দুই দশমিক স্থান পর্যন্ত আসন্ন মান হবে —

◯ 3.87 ◯ 3.57 ◯ 3.27 ◯ 3.23

6. $(x - y)^2 = 4 - 4y + y^2$ হলে x-এর মান হবে —

◯ 1 ◯ 2 ◯ 3 ◯ 4

7. প্রদত্ত কোন্ বর্ণ অনুভূমিক ও উল্লম্বভাবে প্রতিসম?

◯ H ◯ O ◯ X ◯ সবগুলি

8. প্রদত্ত কোন্ জ্যামিতিক চিত্রের ঘূর্ণন প্রতিসাম্য মাত্রা 2 কিন্তু এটি রৈখিক প্রতিসম নয়?

◯ আয়তক্ষেত্র ◯ সামান্তরিক ◯ বৃত্ত ◯ সমদ্বিবাহু ত্রিভুজ।

9. প্রদত্ত কোন্ তথ্যটি ভুল?

◯ সামান্তরিকের বিপরীত বাহুগুলির দৈর্ঘ্য সমান ◯ সামান্তরিকের কর্ণদ্বয়ের দৈর্ঘ্য পরস্পর সমান
◯ বর্গক্ষেত্রের কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে ◯ রম্বসের বিপরীত কোণগুলির পরিমাপ সমান

10. একটি নির্দিষ্ট রেখার সমান্তরাল রেখা আঁকতে নিচের কোনটি ব্যবহার করা হয়?

◯ একটি প্রোটেক্টর ◯ একটি সেট বর্গক্ষেত্র ◯ একটি রুলার ◯ একটি রুলার এবং কম্পাস

11. প্রদত্ত কোন্ বিবৃতিটি ভুল?

◯ একই ক্ষেত্রফলবিশিষ্ট দুটি ত্রিভুজ সর্বসম
◯ যদি একটি ত্রিভুজের দুটি বাহু এবং একটি কোণ অন্য ত্রিভুজের সংশ্লিষ্ট দুটি বাহু এবং কোণের সমান হয়, তাহলে দুটি ত্রিভুজ সর্বসম হবে।
◯ যদি একটি সমকোণী ত্রিভুজের কর্ণ অন্য একটি সমকোণী ত্রিভুজের কর্ণের সমান হয়, তাহলে ত্রিভুজ দুটি সর্বসম হবে।
◯ ওপরের সবগুলিই সত্য।

12. একটি নিয়মিত বহুভুজের বাহুর সংখ্যা 15, তাহলে প্রতিটি বহিঃকোণের পরিমাপ হবে —

◯ 24° ◯ 36° ◯ 20° ◯ 18°

13. প্রদত্ত কোন্ মূলদ সংখ্যাটি $\frac{7}{-4}$ এর সমতুল্য নয়?

◯ $\frac{14}{-8}$ ◯ $\frac{21}{-12}$ ◯ $\frac{28}{-16}$ ◯ $\frac{7}{-8}$

14. 15 : 19 অনুপাতের উভয় পদ থেকে কোন্ সংখ্যাটি বিয়োগ করলে 3 : 4 হবে?
◯ 4 ◯ 3 ◯ 2 ◯ 6

15. 40 সেমি দৈর্ঘ্য এবং 20 সেমি প্রস্থের একটি আয়তাকার তারকে বর্গাকার আকৃতিতে বাঁকানো হয়েছে। বর্গক্ষেত্রটির একটি বাহুর দৈর্ঘ্য হবে —
◯ 10 সেমি ◯ 20 সেমি ◯ 30 সেমি ◯ 40 সেমি

16. প্রদত্ত কোন্‌টি সত্য?
◯ $2^{\circ} = (100)^{\circ}$ ◯ $10^2 \times 10^8 = 10^{16}$ ◯ $2^2 \times 3^3 = 65$ ◯ $2^3 > 3^2$

17. নীচের কোনটির প্রতিসাম্যের একটি মাত্র রেখা আছে?
◯ আয়তক্ষেত্র ◯ বর্গক্ষেত্র ◯ সমদ্বিবাহু ত্রিভুজ ◯ সমবাহু ত্রিভুজ

18. একটি সমবাহু ত্রিভুজের ঘূর্ণন কোণ হল —
◯ 120° ◯ 270° ◯ 180° ◯ 360°

19. যদি 5 সেমি প্রান্ত বিশিষ্ট দুটি ঘনক এক প্রান্ত থেকে অন্য প্রান্তে সংযুক্ত করা হয়, তাহলে সংযুক্ত অবস্থায় ঘনকের পৃষ্ঠের ক্ষেত্রফল হবে —
◯ 250 বর্গসেমি ◯ 350 বর্গসেমি ◯ 400 বর্গ সেমি ◯ 500 বর্গ সেমি

20. ভুল বিবৃতিটি চিহ্নিত করো ঃ
◯ প্রতিটি গোলকের একটি সমতল পৃষ্ঠ থাকে
◯ শঙ্কুর একটি সমতল মুখ থাকে
◯ একটি সিলিন্ডারের দুটি বৃত্তাকার মুখ থাকে
◯ প্রতিটি গোলকের একটি বক্র মুখ থাকে

21. যদি $\Delta ABC \cong \Delta PQR$ হয়, তাহলে নীচের কোন বিকল্পটি সত্য নয়?
◯ BC = PQ ◯ AC = PR ◯ QR = BC ◯ AB = PQ

22. প্রদত্ত কোনটি সমতল চিত্রের সামঞ্জস্য পরীক্ষা করে?
◯ ট্রায়াল এন্ড এরর পদ্ধতি ◯ সুপার পজিশন পদ্ধতি
◯ সাবস্টিটিউশন পদ্ধতি ◯ ট্রান্স পজিশন পদ্ধতি

23. যে আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 40 সেমি এবং কর্ণ 41 সেমি, তার পরিধি কত?
◯ 164 সেমি ◯ 162 সেমি ◯ 81 সেমি ◯ 98 সেমি

24. নির্দিষ্ট প্রতীক ব্যবহার করে কোনো তথ্যের সচিত্র উপস্থাপনাকে বলা হয় —
◯ বার গ্রাফ ◯ চিত্র লিপি ◯ পাই চার্ট ◯ কোনোটিই নয়

25. 6, y, 7, x এবং 14 এর গড় 8 হলে প্রদত্ত কোন্ বিকল্পটি সত্য?
◯ $x + y = 13$ ◯ $x - y = 13$ ◯ $2x + 3y = 13$ ◯ $x^2 + y = 1$

26. একটি নারকেল বাগানে, (x + 2) টি গাছ প্রতি বছর 60 টি নারকেল, x টি গাছ প্রতিবছর 120 টি নারকেল এবং (x –2) টি গাছ প্রতি বছর 180 টি নারকেল ফলন দেয়। যদি প্রতিটি গাছে বার্ষিক গড় ফলন 100 হয়, তাহলে x-এর মান হবে —
◯ 4 ◯ 3 ◯ 2 ◯ 1

27. টুম্পা 100 পৃষ্ঠার একটি বইয়ের 25 পৃষ্ঠা পড়েছে। ললিতা একই বইয়ের $\frac{2}{5}$ অংশ পড়েছে। কে কম পড়েছে?
◯ টুম্পা ◯ ললিতা
◯ উভয়েই সমান পড়েছে ◯ কোনোটিই নয়

28. 1000000000-এর সূচকীয় রূপটি হল —
◯ $10^7$ ◯ $10^8$ ◯ $10^9$ ◯ $10^{10}$

29. প্রদত্ত কোন্ বিবৃতিটি মিথ্যা?
◯ দুটি উল্লম্ব বিপরীত কোণ সূক্ষ্ম হতে পারে। ◯ দুটি উল্লম্ব বিপরীত কোণ স্থূল হতে পারে।
◯ দুটি উল্লম্ব বিপরীত কোণ সমকোণ হতে পারে। ◯ দুটি উল্লম্ব বিপরীত কোণ অসম হতে পারে।

30. $1 + x^2 + x$ রাশিটিতে ধ্রুবক পদটি হল —
◯ 1 ◯ x ◯ $x^2$ ◯ কোনোটিই নয়

## ❑ SCIENCE

31. বিন্দু-উৎসের সামনে অবস্থিত অস্বচ্ছ বস্তুর ছায়ায় —
◯ প্রচ্ছায়া ও উপচ্ছায়া উভয়ই থাকে ◯ প্রচ্ছায়া থাকে কিন্তু উপচ্ছায়া থাকে না
◯ প্রচ্ছায়া থাকে না কিন্তু উপচ্ছায়া থাকে ◯ সবগুলিই ঠিক

32. কোনো চুম্বকের জ্যামিতিক দৈর্ঘ্য 100 সেমি হলে চুম্বকটির চৌম্বক দৈর্ঘ্য হবে —
◯ 76 সেমি ◯ 86 সেমি ◯ 96 সেমি ◯ 106 সেমি

33. তড়িৎ চুম্বকের শক্তিবৃদ্ধি নীচের কোন্ ক্ষেত্রে সর্বাধিক হবে?
◯ শুধু তারের পাকসংখ্যা বৃদ্ধি করা হল ◯ শুধু তড়িৎপ্রবাহমাত্রা বাড়ানো হল
◯ শুধু তড়িৎপ্রবাহের সময় বাড়ানো হল ◯ তারের পাকসংখ্যা এবং তড়িৎপ্রবাহমাত্রা একসঙ্গে বাড়ানো হল

34. কোন্‌প্রকার পরিবেশ বান্ধব শক্তি উৎপাদক অঞ্চল হিসেবে গুজরাটের ‘জসদান’ বিখ্যাত?
◯ সৌরশক্তি ◯ জৈবশক্তি ◯ বায়ুশক্তি ◯ জোয়ার-ভাটা শক্তি

35. সৌর প্যানেল প্রতিস্থাপনের প্রয়োজন হয় —
◯ 2-5 বছর পর ◯ 5-10 বছর পর
◯ 10-15 বছর পর ◯ 15-20 বছর পর

36. কোনো বস্তুর ওপর পরস্পর বিপরীত দিক থেকে সমমানের বল প্রয়োগ করলে, বস্তুটির ওপর সার্বিক বল —
◯ বৃদ্ধি পায় ◯ শূন্য হয়ে যায় ◯ হ্রাস পায় ◯ দ্রুত হ্রাস পায়

37. ‘অরাম’ ও ‘আর্জেন্টাম’ বলতে প্রদত্ত কোন্ দুটি মৌলকে বোঝানো হয়?
◯ Au ও Cu ◯ Cu ও Au ◯ Ag ও Au ◯ Au ও Ag

38. প্রদত্ত কোন্‌টি শূন্যযোজী মৌল নয়?
◯ অসমিয়াম ◯ হিলিয়াম ◯ নিয়ন ◯ আর্গন

39. ভুল বক্তব্যটি চিহ্নিত করো —
◯ স্নায়ু স্পন্দন প্রেরণে $K^+$ সাহায্য করে থাকে ◯ কোশপর্দা গঠনে P সাহায্য করে থাকে
◯ $Ca^{2+}$ দেহে জলের ভারসাম্য বজায় রাখে ◯ $Na^+$ রক্তচাপ নিয়ন্ত্রণ করে

40. মাছ, মাংস সংরক্ষণে ব্যবহৃত হয় —
◯ অ্যাসিটিক অ্যাসিড ◯ সাইট্রিক অ্যাসিড ◯ অক্সালিক অ্যাসিড ◯ ম্যালিক অ্যাসিড

41. ক্ষার দ্রবণে ‘মিথাইল অরেঞ্জ’-এর বর্ণ হবে —
◯ নীল ◯ লাল ◯ হলুদ ◯ গোলাপী

42. প্রদত্ত কোন্‌টি রাসায়নিক কীটনাশক নয়?
◯ ভিটাভ্যাক্স ◯ অলড্রিন ◯ কার্বারিল ◯ সুপার উইড

43. কৃত্রিম ভাবে প্রস্তুত অথচ জৈব ভঙ্গুর পদার্থটি হল —
◯ PLA ◯ PCL ◯ PVC ◯ PLA ও PCL উভয়ই

44. আমলকীতে প্রদত্ত কোন্ উপাদানটি পাওয়া যায় না?
◯ ভিটামিন ◯ খাদ্যতন্তু ◯ মিনারেল ◯ প্রোটিন

45. লিগামেন্ট গঠনকারী প্রোটিনটি হল —
◯ গ্লোবিউলিন ◯ ফাইব্রিনোজেন ◯ কোলাজেন ◯ অ্যাকটিন

46. প্রদত্ত কোন্‌টি যৌগিক ফলের উদাহরণ নয়?
◯ কাঁঠাল ◯ ডুমুর ◯ আনারস ◯ স্ট্রবেরি

47. উন্নত উদ্ভিদের বীজের পর্বসন্ধির ওপরের অংশ হল —
◯ বীজপত্র ◯ বীজ পত্রাধিকাণ্ড ◯ বীজ পত্রাবকাণ্ড ◯ ভ্রূণাক্ষ

48. একটি কোশের রসস্ফীতি ঘটে, যখন কোশটিকে রাখা হয় —
◯ লঘুসারক দ্রবণে ◯ অতিসারক দ্রবণে ◯ সমসারক দ্রবণে ◯ আইসোটনিক দ্রবণে

49. গজ পিপুলের মূল একপ্রকার —
◯ শ্বাসমূল ◯ মালাকৃতি মূল ◯ আরোহী মূল ◯ পত্রাশ্রয়ী মূল

50. জৈব গ্রিন হাউস গ্যাসটি হল —
◯ CFC ◯ $CO_2$ ◯ $N_2O$ ◯ $CH_4$

51. 1970 সাল থেকে 2004 সাল পর্যন্ত প্রতি বছর বায়ুমণ্ডলে $CO_2$ গ্যাস মেশার হার বেড়েছে —
◯ 40% ◯ 60% ◯ 80% ◯ 90%

52. অতি ব্যবহারের জন্য প্রদত্ত কোন্ প্রাণীটির অবলুপ্তি ঘটেছে?
◯ ভারতের গোলাপি মাথার হাঁস ◯ মরিশাসের ডোডো পাখি
◯ উত্তর আমেরিকার বাইসন ◯ বালি দ্বীপের বাঘ

53. 'অরণ্য সপ্তাহ' হিসাবে পালন করা হয় —
◯ জুন মাসের প্রথম সপ্তাহ ◯ জুন মাসের শেষ সপ্তাহ
◯ জুলাই মাসের প্রথম সপ্তাহ ◯ জুলাই মাসের শেষ সপ্তাহ

54. হাসপাতালে ব্যবহৃত বিভিন্ন পরিত্যক্ত উপাদান বা রোগীর ব্যবহৃত উপাদান দ্বারা প্রদত্ত কোন্ রোগটি সংক্রমণের সম্ভাবনা বৃদ্ধি পায়?
◯ ডেঙ্গি ◯ চিকুনগুনিয়া ◯ ম্যালেরিয়া ◯ হেপাটাইটিস-2

55. মনোযোগহীনতা-র একটি লক্ষণ হল —
◯ খিদে খুব বেড়ে যাওয়া ◯ আত্মীয় পরিজনদের থেকে নিজেকে গুটিয়ে নেওয়া
◯ ক্লাসে স্থিরভাবে বসতে না পারা ◯ ডান বাম চিনতে না পারা

56. World Health Organization স্থাপিত হয় —
◯ 8 এপ্রিল, 1948 সালে ◯ 7 এপ্রিল, 1948 সালে ◯ 10 এপ্রিল, 1950 সালে ◯ 11 এপ্রিল, 1951 সালে

57. 'রাইনাইটিস্'-এর কারণ —
◯ ব্যাকটেরিয়া ◯ প্রোটোজোয়া ◯ ভাইরাস ◯ ছত্রাক

58. মশার লার্ভা ভক্ষণকারী মাছটি হল —
◯ খলসে ◯ তেচোখা ◯ গাম্বুসিয়া ◯ সবগুলি

59. 'হোয়াইট ডেথ' নামে পরিচিত —
◯ কলেরা ◯ প্লেগ ◯ কালাজ্বর ◯ যক্ষ্মা

60. প্রদত্ত কোন্ দেশটিতে 'ল্যাথাইরিজম'-এর প্রভাব পরিলক্ষিত হয় না?
◯ ইথিয়োপিয়া ◯ বাংলাদেশ ◯ ভারত ◯ ফ্রান্স

## ❑ REASONING

61. ফাঁকা স্থানটির প্যাটার্নটি প্রদত্ত বিকল্প থেকে সনাক্ত করো —



◯  ◯  ◯  ◯ 

62. যদি Z = 52 এবং ACT = 48 হয়, তাহলে BAT = ?
◯ 38 ◯ 36 ◯ 12 ◯ 15

63. মোহিত, নিতিন এবং রাজ ক্রিকেট, হকি এবং ফুটবল খেলে। মোহিত, নিতিন এবং তরুণ খেলে ক্রিকেট, ফুটবল এবং ভলিবল। মোহিত, রাজু, নিতিন এবং সুমিত খেলে ক্রিকেট এবং হকি। তাহলে প্রদত্ত গেমগুলির কোন্টি সব ছেলেরাই খেলে?
◯ হকি ◯ ক্রিকেট ◯ ফুটবল ◯ ভলিবল

64. পাশের সারিটিতে ভুল সংখ্যাটি হল ঃ 440, 420, 399, 378, 354
◯ 440 ◯ 378 ◯ 354 ◯ 399

65. 'Good Sweet Fruit'-এর সংখ্যাগত অর্থ '315'।
'Good Red Rose'-এর সংখ্যাগত অর্থ '632 এবং
'Rose and Fruit'-এর সংখ্যাগত অর্থ '295'-হলে
'Fruit'-এর সংখ্যাগত অর্থ হবে —
◯ 2 ◯ 3 ◯ 4 ◯ 5

66. প্রদত্ত কোন্ ভেন চিত্রটি পোশাক, ফুল এবং উজ্জ্বল জিনিসের মধ্যে সঠিকভাবে সম্পর্কিত?

○  ○  ○  ○ 

67. প্রদত্ত সিরিজটির পরের সংখ্যাটি হবে —

12, 11, 13, 12, 14, 13, _______

○ 10 ○ 16 ○ 13 ○ 15

68. প্রদত্ত কোন শব্দটি অন্যগুলোর সাথে সম্পর্কিত নয়?

○ সূচীপত্র ○ শব্দকোষ ○ অধ্যায় ○ বই

69. কেভিন, জোসেফ এবং নিকোলাস 3 ভাই। যদি প্রদত্ত বিবৃতিগুলি সব সত্য হয়, তাহলে তাদের মধ্যে কে সবচেয়ে ছোটো?

1. কেভিন সবচেয়ে বড় 2. নিকোলাস সবচেয়ে বড় নয় 2. জোসেফ সবচেয়ে ছোট নয়

○ জোসেফ ○ কেভিন ○ নিকোলাস ○ কেভিন ও জোসেফ

70. প্রদত্ত সিরিজটিতে পরের অক্ষরত্রয় কী হবে?

AMB, CLB, BKC, DJC, ______

○ EID ○ CJD ○ EIF ○ EJF

71. রাম এবং শ্যাম একটি নির্দিষ্ট বিন্দু থেকে যাত্রা শুরু করে। রাম 5 কিমি পশ্চিমে অগ্রসর হয় এবং বাম দিকে মোড় নেয় এবং তারপর 6 কিমি অতিক্রম করে। শ্যাম 7 কিমি উত্তরে অগ্রসর হয়, বাম দিকে মোড় নেয় এবং 5 কিমি হেঁটে যায়। রাম ও শ্যামের বর্তমান অবস্থানের মধ্যে দূরত্ব হল —

○ 10 কিমি ○ 13 কিমি ○ 8 কিমি ○ 6 কিমি

72. একটি ছবির দিকে ইঙ্গিত করে মনিকা বলল, "সে আমার দাদার একমাত্র সন্তানের ছেলের ভাই।" মনিকার সাথে ওই ব্যক্তির সম্পর্কটি হল —

○ ভাই ○ কাকা ○ বাবা ○ দাদু

73. A, B, C, D, E, F, G, এবং H কেন্দ্রমুখী একটি বৃত্তের চারপাশে বসে আছে। B, D-এর ডানে দ্বিতীয়, F-এর ডানে তৃতীয় অবস্থানে রয়েছে। C,A-এর বামে দ্বিতীয়, F-এর বামে দ্বিতীয় অবস্থানে রয়েছে। আবার G, E-এর ডানে তৃতীয় অবস্থানে থাকলে A-এর ঠিক ডানে কে রয়েছে?

○ B ○ C ○ D ○ E

74. 

পাশের চিত্রটিতে ফাঁকা স্থানে প্রদত্ত কোন্ ক্রমটি সম্পূর্ণ করবে?

○  ○  ○  ○ 

75. নীচের ভেন চিত্র দেখে নির্দিষ্ট সমর্ক অনুযায়ী সঠিক বিকল্পটি চিহ্নিত করো —



○  ○  ○  ○ 

76. প্রদত্ত কোন্ শব্দটি মিথস্ক্রিয়াকারী জীব এবং তাদের ভৌত পরিবেশের জৈবিক সম্প্রদায়কে বর্ণনা করে?

○ অণুজীব ○ জীব ○ পরিবেশ ○ বাস্তুতন্ত্র

77. যদি সেরিনার একটি লাল পেন, একটি নীল পেন এবং একটি সবুজ পেন থাকে, তাহলে সে তার ডেস্কে কতগুলি ভিন্ন উপায়ে সেগুলি পরপর সাজিয়ে রাখতে পারবে?

○ 3 টি উপায়ে ○ 6 টি উপায়ে ○ 12 টি উপায়ে ○ 24 টি উপায়ে

78. যদি একটি ট্রেন A স্টশন থেকে B স্টেশনে 60 মাইল প্রতি ঘন্টা বেগে যায় এবং B স্টেশন থেকে A স্টেশনে 40 মাইল প্রতি বেগে ফিরে আসে, তাহলে পুরো রাউন্ড ট্রিপের গড় গতি কত?

○ 50 মাইল প্রতি ঘন্টা ○ 48 মাইল প্রতি ঘন্টা

○ 45 মাইল প্রতি ঘন্টা ○ 55 মাইল প্রতি ঘন্টা

79. যদি CHAIR কে FKDLU হিসাবে কোড করা হয়, তাহলে TABLEকে কোড করা হবে —
◯ WDEOH ◯ WDFGI ◯ WDCHG ◯ WTCKJ

80. বিবৃতি ঃ ‘‘আমি যখনই আইসক্রিম খাই, আমি খুশি বোধ করি। আমি কেবল আইসক্রিম খেয়েছি, তাই আমি খুশি বোধ করি।’’ — এটি হল —
◯ নির্ণয়মূলক যুক্তি ◯ প্ররোচনামূলক যুক্তি ◯ নির্ণয়মূলক যুক্তি ◯ কোনোটিই নয়

## ❑ GENERAL KNOWLEDGE

81. বিশ্বে সৌরশক্তি উৎপাদনে প্রথম দেশটি হল —
◯ ভারত ◯ রাশিয়া ◯ চিন ◯ ব্রাজিল

82. গাড়ির যন্ত্রাংশ দ্রুত স্ক্যান করার জন্য প্রথম Q R Code ব্যবহারকারী দেশটি হল —
◯ দক্ষিণ কোরিয়া ◯ উত্তর কোরিয়া ◯ চিন ◯ জাপান

83. 1958 সালের এশিয়ান গেমসে স্বর্ণপদক জয়ী প্রথম ভারতীয় পুরুষ হলেন —
◯ ধ্যান চাঁদ ◯ বিজেন্দ্র সিং ◯ মিলখা সিং ◯ পি. টি. ঊষা

84. ‘প্রক্সিমা-ডি’ আসলে একটি —
◯ নক্ষত্র ◯ গ্রহ ◯ ভিটামিন ◯ ওষুধ

85. জাতিসংঘ পরিবেশ কর্মসূচি (UNEP)-এর সদর দপ্তর হল —
◯ জেনেভা ◯ নিউ ইয়র্ক ◯ নাইরোবি ◯ প্যারিস

86. বরুণ ও অসি নদী ভারতের কোন্ রাজ্যে অবস্থিত?
◯ উত্তরপ্রদেশ ◯ মধ্যপ্রদেশ ◯ মহারাষ্ট্র ◯ ওড়িষ্যা

87. ‘Wings of Fire’ কার আত্মজীবনী?
◯ আব্দুল কালাম ◯ বিক্রম শেঠ ◯ বল্লভভাই প্যাটেল ◯ মহাত্মা গান্ধী

88. ভারতের প্রথম মহিলা রাষ্ট্রপতি হলেন —
◯ ইন্দিরা গান্ধী ◯ সরোজিনী নাইডু ◯ প্রতিভা পাটিল ◯ রাজকুমারী অমৃতা কৌর

89. নোবেল পুরস্কার জয়ী প্রথম ভারতীয় হলেন —
◯ সি.ভি.রামন ◯ রবীন্দ্রনাথ ঠাকুর ◯ মাদার টেরেসা ◯ সত্যেন্দ্রনাথ বসু

90. 2023 সালের ভারতের চন্দ্র অভিযানটি ছিল —
◯ মিশন চন্দ্রায়ন-1 ◯ মিশন চন্দ্রায়ন-2 ◯ মিশন চন্দ্রায়ন-3 ◯ মিশন চন্দ্রায়ন-4

91. ভারতে GST কার্যকর হয় —
◯ 1 লা জুলাই 2016 ◯ 1 লা জুলাই 2017 ◯ 1 লা জুলাই 2018 ◯ 1 লা জুলাই 2019

92. ‘পঞ্চতন্ত্র’-এর লেখক হলেন —
◯ রবীন্দ্রনাথ ঠাকুর ◯ কৌটিল্য ◯ চাণক্য ◯ বিষ্ণু শর্মা

93. পৃথিবীর গভীরতম মহাসাগরটি হল —
◯ প্রশান্ত মহাসাগর ◯ আটলান্টিক মহাসাগর ◯ ভারত মহাসাগর ◯ উত্তর মহাসাগর

94. ফতেপুর সিক্রি নির্মাণ করেন —
◯ বাবর ◯ শাহজাহান ◯ জাহাঙ্গীর ◯ আকবর

95. নুডলস্ খেতে ব্যবহৃত লাঠিগুলোর নাম হল —
◯ কোকো বিন ◯ স্টিক্ ◯ কেচাপ ◯ চপস্টিকস্

96. প্রদত্ত কোন্ ফলে 90%-এর বেশি জল থাকে?
◯ কমলালেবু ◯ কলা ◯ আপেল ◯ তরমুজ

97. কোন রাজ্যকে ভারতে ‘ফলের ঝুড়ি’ বলা হয়?
◯ মহারাষ্ট্র ◯ হিমাচল প্রদেশ ◯ উত্তরাখণ্ড ◯ মেঘালয়

98. ভারতীয় সংবিধান কতগুলি ভাষাকে স্বীকৃতি প্রদান করে?
◯ 10 টি ◯ 12 টি ◯ 18 টি ◯ 22 টি

99. তীরন্দাজি কোন্ দেশের জাতীয় খেলা?
◯ পাকিস্তান ◯ বাংলাদেশ ◯ নেপাল ◯ ভূটান

100. কম্পিউটারের জনক হলেন —
◯ টমাস এডিসন ◯ জন আন্ডারসন ◯ চার্লস ব্যাবেজ ◯ সি. নিকলসন্